দৈনিক
ইত্তেফাক

তারিখ 06 MAY 2016
পৃষ্ঠা ৭৫ কলাম ৫

# কচুয়ায় ৫৫ প্রাথমিক বিদ্যালয়ে নেই প্রধান শিক্ষক

■ আবুল হোসেন, কচুয়া (চাঁদপুর) সংবাদদাতা

চাঁদপুরের কচুয়ায় ৫৫টি সরকারি ও নতুনভাবে জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠান চলছে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে। এছাড়া শূন্য রয়েছে ৮৩টি সহকারী শিক্ষকের পদ।

বিদ্যালয়গুলোতে প্রয়োজনের তুলনায় শিক্ষক কম থাকায় এক দিকে যেমন শিক্ষার্থীদের স্বাভাবিক পাঠদান ব্যাহত হচ্ছে, অন্যদিকে বিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম পরিচালনায় দেখা দিয়েছে অচলাবস্থা। অধিকাংশ শিক্ষার্থী বিদ্যালয়ের বাইরে প্রাইভেট পড়ার প্রতি ঝুঁকে পড়েছে।

এ ব্যাপারে কচুয়া উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) মোঃ মিনহাজ উদ্দীন জানান, প্রধান শিক্ষক পদ নিয়ে জটিলতা নিরসন ও সহকারী শিক্ষক পদ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলেই এসব সমস্যার অবসান হবে।

অপরদিকে উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ তাজুল ইসলাম জানান, বিভিন্ন জটিলতার কারণে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক নিয়োগে দীর্ঘসূত্রিতা চলছে।